গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাবনা সদর,পাবনা।
www.pabnasadar.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৪.০০৮.২৩. ৭৬৭ তারিখ ঃ ১৮/১০/২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী পাবনা সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ০৯ (নয়) টি ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডের মহল্লাদারের শূন্য পদে লোক নিয়োগের জন্য পাবনা সদর উপজেলাধীন স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী নাগরিকদের/বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | শূন্য পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | মালিগাছা ইউনিয়ন পরিষদ | ০২, ০৯ | ০২ টি | মোট ৬,৫০০/- টাকা (সরকারি অংশ ৩,২৫০/- টাকা এবং ইউনিয়ন পরিষদ অংশ ৩,২৫০/- টাকা)। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | মালঞ্চি ইউনিয়ন পরিষদ | ০২, ০৮ | ০২ টি | | |
| ০৩ | গয়েশপুর ইউনিয়ন পরিষদ | ০১, ০২, ০৪, ০৬ | ০৪ টি | | |
| ০৪ | আতাইকুলা ইউনিয়ন পরিষদ | ০৮, ০৯ | ০২ টি | | |
| ০৫ | সাদুল্লাপুর ইউনিয়ন পরিষদ | ০১, ০৪, ০৬, ০৭ | ০৪ টি | | |
| ০৬ | চরতারাপুর ইউনিয়ন পরিষদ | ০১, ০২ | ০২ টি | | |
| ০৭ | ভাঁড়ারা ইউনিয়ন পরিষদ | ০১, ০৫, ০৭, ০৮ | ০৪ টি | | |
| ০৮ | দোগাছি ইউনিয়ন পরিষদ | ০৪, ০৫ | ০২ টি | | |
| ০৯ | দাপুনিয়া ইউনিয়ন পরিষদ | ০২ | ০১ টি | | |

## শর্তাবলী

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং পাবনা সদর উপজেলাধীন স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

০২। আবেদনকারী কোন বিদেশীকে বিবাহ করলে বা বিবাহের প্রতিশ্রুতিবদ্ধ হলে তার আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে স্পষ্টাক্ষরে ১. নাম ২. পিতা/স্বামীর নাম ৩. মাতার নাম ৪. স্থায়ী ঠিকানা ৫. বর্তমান ঠিকানা ৬. ইউনিয়নের নাম ৭. ওয়ার্ড নম্বর ৮. জন্ম তারিখ ৯. বয়স (১৮/১০/২০২৩ খ্রি. তারিখে) ১০. জাতীয়তা ১১. ধর্ম ১২. বিশেষ কোটা (সাধারণ/মুক্তিযোদ্ধা/পোষ্য/এতিম/উপজাতি/আনসার ভিডিপি কোটা যে কোন একটি লিখতে হবে) ১৩. অভিজ্ঞতা (যদি থাকে) ১৪ শিক্ষাগত যোগ্যতা ১৫. বুকের মাপ ১৭ ওজন ১৮. ফোন নম্বর উল্লেখপূর্বক দাখিল করতে হবে।

০৪। প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবে ঃ

| প্রার্থী | সর্বনিম্ন উচ্চতা | সর্বনিম্ন ওজন | সর্বনিম্ন বুকের মাপ | |
|---|---|---|---|---|
| | | | স্বাভাবিক অবস্থায় | সম্প্রসারিত অবস্থায় |
| পুরুষ | ৫ ফুট ২ ইঞ্চি | ৫০ কেজি | ৩০ ইঞ্চি | ৩২ ইঞ্চি |
| মহিলা | ৫ ফুট | ৪৫ কেজি | ২৮ ইঞ্চি | ৩০ ইঞ্চি |

০৫। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম, পদবি ও সীল সম্বলিত) কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

ঙ) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা'র অনকূলে তফশীলি ব্যাংক হতে অফেরতযোগ্য ১০০/- (একশত) টাকার পে-অর্ডার।

চ) বিশেষ কোটা হলে এ সম্পর্কিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।

ছ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত কপি ।

জ) জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

CamScanner

০৬। আবেদন আগামী ০৩/১১/২০২৩ খ্রি. তারিখে বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাবনা সদর, পাবনায় পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন পত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

০৭। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৮। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

০৯। প্রার্থীর বয়স ১৮/১০/২০২৩ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনের সাথে উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

১১। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে পিতামহের/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্রের ছায়ালিপি এবং তার সথে সম্পর্কের প্রমানপত্র সংযুক্ত করতে হবে।

১২। এতিমখানার নিবাসী প্রার্থীদের ক্ষেত্রে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১৩। পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১৪। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে আবেদনের সাথে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৫। উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৬। আবেদনে ও খামের উপর কোটার নাম এবং পদের নাম উল্লেখ করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী বলে গণ্য করা হবে।

১৭। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। জেলার সিভিল সার্জন কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড হতে স্বাস্থ্যগত সনদ বিবেচনায় এবং বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্তে পরিষদে চাকুরিতে নিয়ুক্তির জন্য অনুপযুক্ত নহেন মর্মে প্রত্যয়নের ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

১৯। আবেদনকারীর আবেদনে স্বাক্ষর করতে হবে।

২০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংযোজন, বিয়োজন, নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল বা নিয়োগের বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮.১০.২৩

(তাহমিদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোন: ০২৫৮৮৮৪৫৪০৩
ই-মেইল: unopabna@mopa.gov.bd

CamScanner

তারিখ ঃ ১৮/১০/২০২৩ খ্রি.

স্মারক নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৪.০০৮.২৩. ৭৬৭

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, পাবনা।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।
০৪। উপজেলা............................................ কর্মকর্তা (সকল), পাবনা সদর, পাবনা। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
০৫। অফিসার ইনচার্জ, পাবনা থানা/আতাইকুলা থানা, পাবনা। বিজ্ঞপ্তিটি তার থানার নোটিশ বোর্ডে প্রদান এবং বর্তমানে কর্মরত দফাদার ও মহল্লাদারদের মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডসমূহে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। চেয়ারম্যান ............................................ ইউনিয়ন পরিষদ (সকল), পাবনা সদর, পাবনা। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ এবং ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদানসহ ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ব্যাপক প্রচার করতঃ তার প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাবনা সদর, পাবনা। বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে এবং উপজেলা প্রশাসনের ফেসবুক পেইজে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৮। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
০৯। অফিস কপি।

১৮.১০.২৩

(তাহমিদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা

CamScanner